



এয়ারবাসের ১০ উড়োজাহাজ কিনতে চুক্তি করল বাংলাদেশ



ছবি: সংগৃহীত

শ্রীলঙ্কার উড়োজাহাজ নির্মাতা প্রতিষ্ঠান এয়ারবাসের কাছ থেকে ১০টি নতুন উড়োজাহাজ কিনতে আনুষ্ঠানিক চুক্তি করেছে বিমান বাংলাদেশ এয়ারলাইন্স।

বুধবার (৭ অক্টোবর) রাজধানীর একটি হোটেলে বিমান ও এয়ারবাসের মধ্যে এ চুক্তি সই হয়।

চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে বেসামরিক বিমান পরিবহন ও পর্যটনমন্ত্রী রশিদুজ্জামান মিল্লাত বলেন, বহুরে উড়োজাহাজ বাড়ানোর পাশাপাশি যাত্রীসেবার মান ও পেশাদারিত্বও বাড়াতে হবে। আন্তর্জাতিক এয়ারলাইন্সগুলোর সঙ্গে প্রতিযোগিতায় টিকে থাকতে এসব বিষয় গুরুত্বপূর্ণ।

চুক্তি অনুযায়ী ২০৩০ সালের মধ্যে অন্তত একটি উড়োজাহাজ দ্রুত সরবরাহের জন্য এয়ারবাস কর্তৃপক্ষের প্রতি অনুরোধ জানান তিনি।

এর আগে বর্তমান সরকার দায়িত্ব নেওয়ার পর মার্কিন নির্মাতা প্রতিষ্ঠান বোয়িংয়ের সঙ্গে ২৫টি উড়োজাহাজ কেনার চুক্তি করে বিমান। এয়ারবাসের সঙ্গে নতুন ১০টি উড়োজাহাজের চুক্তি হওয়ায় ভবিষ্যতে বিমানের বহুরে মোট ৩৫টি নতুন উড়োজাহাজ যুক্ত হওয়ার কথা রয়েছে।